মেহেরপুুর শহরে তেলের দোকানে দু:সাহসিক চুরি

মেহেরপুর শহরের হোটেল বাজার মোড়ে মেসার্স জাকির এন্ড ব্রাদার্স জ্বালানি তেলের দোকানে এক দুঃসাহসিক চুরি সংঘঠিত হয়েছে।

৩ ড্রাম মবিল, ২ ড্রাম কেরোসিন, ১ ড্রাম ডিজেল, ও ১ ড্রাম পোড়া মবিল নিয়ে যায় চোরের দল। যার অনুমানিক মূল্য ২ লক্ষ ১০ হাজার টাকা।

আজ শনিবার (১৫ জুলাই) ভোররাত ৪ টার দিকে এই চুরির ঘটনা ঘটে। দোকানের স্বতাধিকারী আমিনুল ইসলাম বলেন প্রতিদিনের ন্যায় রাত দোকান বন্ধ করে বাড়ি চলে যায়। ভোররাত ৪ টার দিকে ৪/৫ জন লোক দোকানের সামনে ছোট পিকআপ রেখে জ্বালানি তেল চুরি করে নিয়ে যায়। তিনি বলেন, এসময় অনেকেই দেখেছে। কিন্তু বুঝে উঠতে পারেনি তারা তেল চুরি করে নিয়ে যাচ্ছে। নাইটগার্ড দেখলেও চোরের দল বলেছে তারা ড্রামে পানি ভরছেন।

জ্বালানি তেল চুরির ঘটনায় মেহেরপুর সদর থানায় একটি জিডি এন্ট্রি করা হবে বলে জানান দোকান মালিক আমিনুল ইসলাম।

গাংনীতে শিশু বলাৎকারকারীর দুই সহযোগী গ্রেফতার

গাংনীতে শিশু বলাৎকারকারীর দুই সহযোগীকে গ্রেফতার করেছে থানা পুলিশ।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী শহরের মাঠপাড়ার বিশারত আলীর ছেলে আখের আলী ও শফিকুল ইসলামের ছেলে শিশু রাহুল।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) জহির রাইহানের নেতৃত্বে পুলিশের একটি টিম শুক্রবার দিবাগত মধ্যরাতে তাদের নিজ নিজ বাড়িতে অভিযান

চালিয়ে এই দুই আসামিকে গ্রেফতার করেন।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন।

মামলার আইও এসআই জহির রাইহান বলেন, আখের ও রাহুল দুজনেই শিশু বলাৎকার কারীর সহযোগী হিসেবে গ্রেফতার দেখানো হয়েছে। এছাড়া মুরছালিনকে গ্রেফতার করতে অভিযান অব্যাহত রয়েছে।

উল্লেখ্য, গত ৫ জুলাই গাংনী উপজেলা শহরের মাঠপাড়ার মুরগী ব্যবসায়ী মুরছালিন একই পাড়ার এক শিশুকে পাখি শিকারের নামে ডেকে নিয়ে একটি কলা ক্ষেতের মধ্যে ধর্ষণ করে। এই ধর্ষণের ভিডিও ও ছবি বিভিন্ন লোকের মোবাইল ফোনে ছড়িয়ে পড়ে। পরে গতকাল শুক্রবার দুপুরের দিকে ওই ধর্ষিতা শিশুটির মা বাদী হয়ে গাংনী থানায় একটি মামলা দায়ের করেন। মামলার পরপরই অভিযান শুরু করে গাংনী থানা পুলিশ।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার-৭

মেহেরপুর সদর ও গাংনী থানা পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৭ আসামি গ্রেফতার হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলায় ২ ও ১৫১ ধারায় ২ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ ও নিয়মিত মামলায় ২ আসামি গ্রেফতার হয়েছে।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম ও গাংনী থানা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টিম শুক্রবার দিবাগত রাতে আজ শনিবার ভোররাত পর্যন্ত অভিযান চালিয়ে এসব আসামি গ্রেফতার করেন।

গ্রেফতারকৃতদের আজ শনিবার (১৫ জুলাই) বেলা ১১ টার দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে প্রতিপক্ষের হামলায় সাংবাদিক হাসানুল মারুফ হাসপাতালে

জমি সংক্রান্ত বিরোধের জের ধরে অনলাইন নিউজ পোর্টাল মুজিবনগর খবর ডট কম এর সাংবাদিক মারুফের উপর অতর্কিত আক্রমণ চালায় একদল দুর্বৃত্ত।

শুক্রবার রাত ৮টার দিকে মেহেরপুর সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় পাড়ার হুদা প্লাজার কাছে এ ঘটনা ঘটে। এতে মারুফ অশংকাজনক ভাবে আহত হয়। পথচারীরা তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। মারুফ বর্তমানে মেহেরপুর জেনারেল হাসপাতালের আইসিইউতে ৩ নাম্বার বেডে নিবিড় পর্যবেক্ষণে আছেন।

মেহেরপুর জেনারেল হাসপাতালে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক ডা. সাইফুল ইসলাম সবুজ বলেন,’ মারুফের শরীরের মাথাসহ সারা শরীরে অসংখ্য আঘাত রয়েছে। অবস্থা গুরুতর বিবেচনায় তাকে আইসিইউতে ভর্তি রাখা হয়েছে।’

আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের পক্ষ থেকে হতদরিদ্রকে অটোভ্যান গাড়ী প্রদান

স্বপ্নবাজ তরুণদের নিরলস প্রচেষ্টায় আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের পক্ষ থেকে ফিরোজপুর ইউনিয়নের কাঠালপোতা গ্রামের হতদরিদ্র আসলাম মন্ডলকে তার উপার্জনের জন্য একটি অটোভ্যান গাড়ী

উপহার দেওয়া হয়েছে।

আজ শুক্রবার বিকেলে মুজিবনগর মুক্তিযোদ্ধু স্মৃতি কমপ্লেক্স স্মৃতিসৌধ প্রাঙ্গণ এক সংক্ষিপ্ত অনুষ্ঠানের মাধ্যমে এই অটোভ্যান গাড়ি উপহার দেওয়া হয়।

আমাদের জন্মভূমি মেহেরপুর সংগঠনের সভাপতি সেলিম রেজা, সাধারণ সম্পাদক এস রানা, বাগোয়ান ইউনিয়ন পরিষদের ৬ নম্বর ওয়ার্ড সদস্য বাবুল মল্লিক উপস্থিত থেকে ভ্যান গাড়িটি প্রদান করেন। এ সময় সংগঠনের সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য যে জন্মভূমি মেহেরপুর সংগঠনটি ২০২০ সালের প্রতিষ্ঠিত হয় বর্তমানে সদস্য সংখ্যা ৪২ হাজার ৮০০ জন। সংগঠনটি প্রতিষ্ঠিত হওয়ার পর থেকেই সদস্যদের নিজস্ব অর্থায়নে জেলার বিভিন্ন হতদরিদ্র মানুষকে সহযোগিতা করে আসছে।

একাত্তরের সেই পরাজিত সৈনিক এখনো ঘাপটি মেরে বসে আছে

মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক ও মেহেরপুর পৌর সভার মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, সামনে জাতীয় নির্বাচন। এই জাতীয় নির্বাচনকে সামনে রেখে যারা বাংলাদেশের স্বাধীনতা চায়নি, বাংলাদেশের লাল সবুজের পতাকা বিশ্বাস করেনা, বাংলাদেশের মানচিত্র মেনে নিতে পারেনি, একাত্তরের সেই পরাজিত সৈনিক এখনো ঘাপটি মেরে বসে আছে। তারা আবারও মাথা চাড়া দিয়ে প্রকাশ্যে কাজ করছে। বাংলাদেশের উন্নয়নে তারা এখন বারবার আঘাত হানছে।

আজ শুক্রবার বিকালে গাংনী উপজেলা যুবলীগ কর্তৃক আয়োজিত প্রস্তুতি সভায় প্রধান অতিথির বক্তব্য রাখতে গিয়ে এসব কথা বলেন মাহফুজুর রহমান রিটন।

বঙ্গবন্ধু কন্যা প্রধানমন্ত্রী রাষ্ট্রনায়ক শেখ হাসিনার নেতৃত্বে দেশের উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখতে ও ডিজিটাল বাংলাদেশকে

স্মার্ট বাংলাদেশে উন্নীত করণে আগামী ১৭ জুলাই মেহেরপুরে “তারুণ্যের জয়যাত্রা” সমাবেশ সফল করার লক্ষ্যে গাংনীতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা যুবলীগের আয়োজনে গতকাল শুক্রবার বিকেলে যুবলীগের কার্যালয়ে এই সভা অনুষ্ঠিত হয়।
গাংনী উপজেলা যুবলীগের সভাপতি মোশাররফ হোসেনর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান।

এসময় বক্তব্য রাখেন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক ও জেলা পরিষদের সাবেক সদস্য মজিরুল ইসলাম, যুবলীগ নেতা রবিউল ইসলাম রবি, কেসমত আলী, মতিয়ার রহমান, শফিকুল ইসলাম, আশিকুর রহমান আকাশ প্রমুখ।

মাহফুজুর রিটন আরও বলেন, আপনারা লক্ষ করে দেখবেন যখনি দেশে দু:সময় আসে তখনি তারা শেখ হাসিনার প্রতি আঘাত হানে। তিনি বলেন, শেখ হাসিনার উপর আঘাত আসলে যুবলীগের নেতা কর্মীরা বসে থাকতে পারেনা। অতীতে তারা তাদের সেই প্রমান দিয়েছেন।

তিনি বলেন, মেহেরপুরের সাথে মুক্তিযুদ্ধের অনেক ইতিহাস জড়িয়ে আছে। মেহেরপুরের মাটি পবিত্র। যে পবিত্র মাটিতে বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়েছে। এখান থেকেই বাংলাদেশের শুরু। তাই এই মাটি থেকে আমাদেরকে শুরু করতে হবে।

তিনি বলেন, আওয়ামীলীগের একজন লোক শক্ত হয়ে দাঁড়ালে তার কাছে হাজারও লোক প্রতিহত হবে। কারন আওয়ামীলীগের লোকের মুখে থাকে জয় বাংলার শ্লোগান, তার বুকে থাকে বঙ্গবন্ধুর আদর্শ। তাই জামায়ত বিএনপি অপশক্তি কখনো শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ থেকে স্মার্ট বাংলাদেশ রুখতে পারবেনা। এই অপশক্তির বিরুদ্ধে আগামীতে যুবলীগ দাঁত ভাঙ্গা জবাব দেবে। তিনি যুবলীগকে তাদের সকল দ্বিধা দ্বদন্দ্ব ভুলে এক কাতারে থাকার আহবান জানান ।

সভাটি যৌথ ভাবে পরিচালনা করেন গাংনী উপজেলা যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক আমজাদ হোসেন ও যুবলীগ নেতা ইসমাইল হোসেন।

[redacted]

[redacted]

গাংনীতে মারামারি মামলায় গ্রেফতার ৩

গাংনী উপজেলার রংমহল গ্রামে মারামারির ঘটনায় তিন ব্যক্তিকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ। গ্রেফতারকৃতরা হলেন, সুন্নত আলী, আনারুল ইসলাম ও ইউসুব আলী।

গত বৃহস্পতিবার দিবাগত রাতে গাংনী থানা পুলিশের একটি টিম অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করেন।

জানা গেছে, মাদক সংক্রান্ত বিরোধের জের ধরে রংমহল গ্রামের আহাম্মদ আলীকে (৩২)কে ওই গ্রামের শরিফুল ইসলামের নেতৃত্বে ১০/১৫ জন মিলে দেশীয় অস্ত্রে সজ্জিত হয়ে গত বৃহস্পতিবার (১৩ জুলাই) বিকালে পিটিয়ে আহত করে। এছাড়া তার হাত ও পা ভেঙ্গে দেই তারা। আহতাবসস্থায় তাকে উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। সেখানে তার অবস্থার অবনতি হলে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন। আহত আহাম্মদ আলী খাসমহল গ্রামের চান মহাম্মদের ছেলে। তার অবস্থা খারাপ বলে জানান তার পরিবারের লোকজন।

এঘটনায় আহত আহাম্মদ আলীর ভাইস্তে তাজুল ইসলামের ছেলে রুবেল বাদী হয়ে এজাহার নামীয় ১৫ জন ও অজ্ঞাতনামা আরও ৫/৬ জনকে আসামি করে একটি মামলা দায়ের করেন যার মামলা নং ১৮, তারিখ ১৩ জুলাই ২০২৩ ইং।

ধারা ১৮৬০ এর ১১৪/১৪৩/৩৪১/৩২৩/৩২৪/৩২৫/৩২৬/৩০৭/৩৭৯/৪২৭/৫০৬ পেনাল কোড।

মেহেরপুরে হুসাইন মুহাম্মদ এরশাদের মৃত্যুবার্ষিকী পালিত

জাতীয় পার্টির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি হুসাইন মুহাম্মদ এরশাদের চতুর্থ মৃত্যুবার্ষিকী উপলক্ষে মেহেরপুরে আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

১৪ জুলাই শুক্রবার বিকাল পাঁচটায় মেহেরপুর পুরাতন বাস টার্মিনাল এলাকার দলীয় কার্যালয়ে মেহেরপুর জেলা জাতীয় পার্টির আয়োজনে এই আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

আব্দুল মান্নানের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা জাতীয় পার্টির আহ্বায়ক আব্দুল হামিদ।

এছাড়া আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে সদর উপজেলা জাতীয় পার্টির আহবায়ক কুতুব উদ্দিন, আব্দুল লতিফ, মামলত হোসেন, আখতারুল ইসলাম, সিরাজুল ইসলাম, নজরুল ইসলাম প্রমুখ। এ সময় জেলা জাতীয় পার্টির বিভিন্ন ইউনিটের কর্মীগণ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্টের উদ্বোধন

মুজিবনগরে মোনাখালী ফুটবল টুর্নামেন্ট-২০২৩ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকেলে শহীদ ওলিউল বারী আনসার ক্লাব ও মোনাখালী গ্রামবাসির আয়োজনে, মোনাখালী ফুটবল খেলার মাঠে উদ্বোধনী অনুষ্ঠানে মোনাখালি ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল খালেকের সঞ্চালনায়, মোনাখালী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মফিজুর রহমানের সভাপতিত্বে, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেস বিশ্বাস প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ফুটবল টুর্নামেন্টের শুভ উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন মুজিবনগর থানা অফিসার ইনচার্জ (ওসি) মেহেদী রাসেল, উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আইয়ুব হোসেন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মুজিবুর রহমান মধু, উপজেলা কৃষকলীগের সভাপতি জাহিদ হাসান রাজিব, সাধারণ সম্পাদক শাহিনুর রহমান মানিক, মোনাখালী ইউনিয়ন পরিষদের এক নম্বর ওয়ার্ড সদস্য হাবিবুর রহমান হাবিবসহ টুর্নামেন্ট আয়োজক কমিটির সদস্যবৃন্দ।

মোনাখালী ফুটবল টুর্নামেন্ট -২০২৩ নকআউট শুক্রবার টুর্নামেন্টে ৩২ টি দল অংশগ্রহণ করছে। টুর্নামেন্টের বিজয়ী দলকে পুরস্কার হিসেবে ১ লক্ষ টাকা এবং রানার আপ দলকে পুরস্কার হিসেবে ৬০ হাজার টাকা প্রদান করা হবে।

উদ্বোধনী খেলায় একদিকে অংশগ্রহণ করে যতারপুর ফ্রেন্ডস ক্লাব এবং রাজনগর একাদশ বৃষ্টি বিঘ্নিত উদ্বোধনী খেলায় যাতারপুর ফ্রেন্ডস ক্লাব ২-০ গোলে রাজনগর একাদশকে পরাজিত করে।